

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নবীগঞ্জ শাখা, ডাকঘর ও থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স পপি এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী-জনাব কৌশিক চন্দ্র পাল, পিতা-মৃত কৃপেশ চন্দ্র পাল, মাতা-মৃত প্রবাসিনী চন্দ্র পাল, ব্যবসায়িক ঠিকানা: পাইকপাড়া রোড, টাওয়ার মার্কেট, পূর্ব তিমিরপুর, ডাকঘর ও থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ, বর্তমান ও স্থায়ী ঠিকানা: গ্রাম-সুজাপুর, ডাকঘর-নবীগঞ্জ-৩৩৭০, থানা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ কর্তৃক ইউসিবি, নবীগঞ্জ শাখা, হবিগঞ্জ হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৪/০৯/২০১৮ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২৮,৬৩,৩২০/- (আঠাশ লক্ষ তেষট্টি হাজার তিনশত বিশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ফ্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-হবিগঞ্জ, উপজেলা ও সাব-রেজিস্ট্রী অফিস-নবীগঞ্জ, মৌজা-সুজাপুর, জে.এল. নং-১৬১, খতিয়ান নং-এস.এ.-৩৪৮, ১২০ এবং ১২৮, আর.এস. (তসদিককৃত) ও ডি.পি. খতিয়ান নং-১১১ (ডি.পি.), এস.এ. নামজারী খতিয়ান নং-৩৪৮/১, এস.এ. দাগ নম্বর-২৯৪, ৪৬০, ৩৮০ এবং ৪৯৯/৫৮৩, আর.এস. দাগ নম্বর-৩০১, ৩৭৭, ৩৩৭ ও ৪১৪, মোট জমির পরিমাণ-৯৪ শতক ভূমি।

২। জেলা-হবিগঞ্জ, উপজেলা ও সাব-রেজিস্ট্রী অফিস-নবীগঞ্জ, মৌজা-তিমিরপুর, জে.এল. নং-এস.এ.-১৬২ আর.এস.-১৬৫, খতিয়ান নং-এস.এ.-২৪৪ এবং ২৬৭, আর.এস. (তসদিককৃত) ও ডি.পি. খতিয়ান নং-১৪ (ডি.পি) এবং ৭৯৮, এস.এ. নামজারী খতিয়ান নং-২৪৪/১, এস.এ. দাগ নম্বর-৩১১৬, আর.এস. দাগ নম্বর-৪৩০২, ৪৩০৩ ও ৪৩০৪, মোট জমির পরিমাণ-৪০ শতক ভূমি।

নিলামের শর্তাবলী :-

- আগামী ১৫/১১/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ফ্রেমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ফ্রেমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নবীগঞ্জ শাখা, হবিগঞ্জ।